৬

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

স্মারক নং- ১৩িম/২২/৬৯২/২২০২ তাং ৩০/৭/৯৮

প্রেরক ঃ - বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক ঃ প্রধান শিক্ষক / শিক্ষয়িত্রী,
মায়ামারী টি, এল, বি উচ্চ বিদ্যালয়।

ডাকঘর নিয়ামতপুর জেলা নওগাঁ

**বিষয় ঃ - মঞ্জুরী।** প্রাথমিক অনুমতি ।

জনাব / জনাবা,

নির্দেশক্রমে জানাচ্ছি যে, অত্র বোর্ড সন্তুষ্ট হয়ে আপনার বিদ্যালয়কে নিম্নলিখিত বিষয়গুলি সহ নিম্নবর্ণিত বিভাগে/ বিভাগগুলিতে ১০ম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি সহ ৩(তিন) এক বছরের জন্য একাডেমিক স্বীকৃতি/ বর্ধিত মঞ্জুরী ১/১/৯৮ তারিখ থেকে ৩১/১২/২০০০ তারিখ পর্যন্ত ৩(তিন) বছর ............পর পৃষ্ঠায় বর্ণিত শর্ত সাপেক্ষে ১৯৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার অনুমতি দিয়েছেন।

বিভাগ আবশ্যিক ঃ- বাংলা, ইংরেজী, সাধারণ অংক, ভূগোল, ধর্ম শিক্ষা, কৃষি শিক্ষা ও গার্হস্থ্য বিজ্ঞান। সাধারন বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান ।

সমাজ বিজ্ঞান ঃ ঐচ্ছিক ঃ-সমাজ বিজ্ঞান ১ম ও ২য় পত্র। মানবিকঃ ইতিহাস, ভূগোল, অর্থনীতি/পৌরনীতি ।

সাধারণ বিজ্ঞান ঃ-সাধারণ বিজ্ঞান ১ম/২য় পত্র। বিজ্ঞান ঃ পদার্থ, রসায়ন, জীব বিজ্ঞান/উচ্চতরগণিত ।

ঐচ্ছিক ঃ- বিজ্ঞান (কলা), উচ্চতর গণিত, ইত্যাদি। কৃষি শিক্ষা ।

প্রকাশ থাকে যে, আপনার বিদ্যালয়ের বর্তমান মঞ্জুরীর মেয়াদ শেষ হবার ৩ মাস পূর্বে উপ-পরিচালক, রাজশাহী / রংপুর অঞ্চল এর নিকট থেকে সুপারিশ না পেলে ........................................ তারিখের পর সাময়িক মঞ্জুরী বৃদ্ধি বিবেচনা করা হবেনা। মঞ্জুরী / বর্ধিত মঞ্জুরী সম্পর্কে আবেদন কোন কারণ না দর্শিয়ে বোর্ড বাতিল করতে পারবে। স্মরণ থাকে যে, বোর্ডের পূর্ব অনুমোদন ব্যতীত কোন বিষয় বা বিভাগ চালু করা যাবে না।

সংযোজিত ঃ- পরিদর্শন বিবরনীর প্রতিলিপি তারিখ ........................................।

বিঃ দ্রঃ- ৫ সদস্য বিশিষ্ট এডহক কমিটি গঠণ করার অনুমতি দেয়া হ'ল। এডহক কমিটির সভাপতি হবেন থানা নির্বাহী অফিসার। তিনিই অভিভাবক সদস্যের মনোনয়ন দিবেন ।

আপনার বিশ্বস্ত,
(স্বাক্ষর) ৩০/৭/৯৮
বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

স্মারক নং ---------------------------------------- ৩০/৭/৯৮ তারিখ ----------------------------।

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হল ঃ-

১। উপ-পরিচালক, রাজশাহী/রংপুর অঞ্চলকে তার স্মারক নং ............................ তারিখ ................১৯৯ প্রেক্ষিতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে যে, তিনি যেন তাঁর অধীনস্থ সকল অফিসার এবং বিদ্যালয়কে বিজ্ঞপ্তি দ্বারা নির্দেশ দেন যাতে করে মঞ্জুরী বা মঞ্জুরী বৃদ্ধির আবেদন পত্র সমূহ নির্দ্ধারিত সময়ে জমা দেন এবং বিদ্যালয় সমূহের পরিদর্শন যথা সময়ে সম্পাদিত হয় এবং বিদ্যালয় সমূহের মঞ্জুরী বা বৃদ্ধির কাগজ পত্র স্বয়ং সম্পুর্ণ অবস্থায় তাঁর যথাযথ সুপারিশ সহ শিক্ষা বছর শুরু হবার / মঞ্জুরী শেষ হবার তিন মাস পূর্বে অবশ্যই অত্র বোর্ডে পৌঁছে-এ ব্যাপারে আর এ ৬৫ এর ৫ এর ডি ধারা অনুসরনের অনুরোধ করা যাচ্ছে।

২। জেলা শিক্ষা অফিসার নওগাঁ।
২। অত্র বোর্ডের পরীক্ষা সমূহের নিয়ন্ত্রক।
৩। অত্র বোর্ডের নিবন্ধন শাখা।
৪। অত্র বোর্ডের পাঠ্য শাখা।
৫। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, কক্ষ নং-৪ (অনুদান শাখা), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৬। থানা নির্বাহী অফিসার, নিয়ামতপুর, নওগাঁ।

বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

( অপর পৃষ্ঠায় ক্রমশঃ )

## শর্তাবলী ঃ-

১। জনশিক্ষা উপ-পরিচালক কর্তৃক আরোপিত যে সমস্ত শর্তাবলী এ যাবৎ পূরণ করা হয়নি তা যথাযথ ভাবে পূরণ করতে হবে।

২। রিজার্ভ ও জেনারেল ফান্ড যথাক্রমে দশ হাজার ও চার হাজার টাকায় উন্নীত করতে হবে।

৩। বিদ্যালয়ের নিজস্ব জমির পরিমাণ একস্থানে ১.০০ (এক একর ) ১.৫০ ( এক একর পঞ্চাশ শতাংশ ) এর মুল দলিল সার্টিফাইড কপি প্রদান করতে হবে।

৪। প্রশিক্ষণ প্রাপ্ত ভূগোল শিক্ষক নিয়োগ করতে হবে।

৫। ১৯৯ সালের মধ্যেই বোর্ড হতে প্রথম স্বীকৃতি লাভের জন্য যাবতীয় ব্যবস্থা সম্পন্ন করতে হবে।

৬। মাধ্যমিক পরীক্ষার ফলের সংখ্যা ও গুণগত মান বাড়ানোর জন্য শিক্ষাদান পদ্ধতির উন্নতি বিধানসহ শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক কল্যাণ, সুস্থ পরিবেশ এবং শৃংখলা ও শিষ্টাচার রক্ষার্থে ছাত্র শিক্ষক সম্পর্ক মধুর করতে হবে।

৭। স্থায়ী শিক্ষক / শিক্ষিকাদের প্রভিডেন্ট ফান্ড চালু করতে হবে।

৮। বিদ্যালয়ের ছাত্র / ছাত্রীর সংখ্যা কমপক্ষে ২৫০ / ৩০০ / ৪০০ জন হতে হবে।

৯। বিদ্যালয়ের নিজস্ব বার্ষিক আয় কমপক্ষে ৫০,০০০/- টাকা হতে হবে।

১০। বি, এস, সি / স্নাতক শিক্ষক নিয়োগ করতে হবে।

১১। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি / এ্যাডহক কমিটি অবশ্যই থাকতে হবে।

১২। বৃক্ষ রোপন, ও মৎস চাষ এ উদ্যোগী হতে হবে।

১৩। একাডেমিক স্বীকৃতি প্রাপ্তির সাত / পনর / ত্রিশ দিনের মধ্যে নিবন্ধন সংক্রান্ত কাগজ পত্র নিবন্ধন শাখায় জমা দিতে হবে।

√ টিক চিহ্ন যুক্ত শর্ত পূরণ করতে হবে।

১৪। প্রশিক্ষণ বিহীন শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

১৫। শিক্ষার মান উন্নয়ন করতে হবে।

১৬। পাকা বিদ্যালয় ভবন নির্মান করতে হবে।

১৭। পৃথক লাইব্রেরী কক্ষ নির্মান করে আরও ৫০০ খানা বই ক্রয় করতে হবে।

১৮। আরও ৫,০০০/- টাকার বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় করতে হবে।

১৯। বিদ্যালয় চত্বরে অর্থকরী ও ফলবান বৃক্ষ রোপন করতে হবে।

বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- ০৯/ ৬০৭/ ২২/ ১২৫৪ তারিখ: ৬/৪/২৫

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : প্রধান শিক্ষক,
মায়ামারী তেঘরিয়া লংপুর বাদপাড়া উচ্চ বিদ্যালয়,
ডাকঘর : নিয়ামতপুর, উপজেলা : নিয়ামতপুর,
জেলা : নওগাঁ।

**বিষয় : স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।**

**সূত্র :** স্মারক নং-০৫/২৫ তারিখ : ১৪/০১/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার নিয়ামতপুর উপজেলাধীন মায়ামারী তেঘরিয়া লংপুর বাদপাড়া উচ্চ বিদ্যালয়ের স্বীকৃতি ০১/০১/২০২৫ খ্রিঃ হতে ৩১/১২/২০২৭ খ্রি; তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য নবায়ন করা হলো। স্বীকৃতির সময়সীমা অর্থাৎ ৩১/১২/২০২৭ খ্রিঃ তারিখ অতিক্রান্ত হবার পর স্বীকৃতি নবায়ন না করা হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং উক্ত বিদ্যালয়ের পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বিরত রাখা হবে।

**চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে**

০৬/০৪/২৫

**মহাঃ জিয়াউল হক**
**বিদ্যালয় পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

স্মারক নং- ............................................ তারিখ: ..........................

**অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :-**

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা, বাংলাদেশ।
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,বাংলাদেশ, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নওগাঁ।
৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র বোর্ড।
৬। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা) অত্র বোর্ড।
৭। উপজেলা নির্বাহী অফিসার, নিয়ামতপুর, নওগাঁ।
৮। সিষ্টেম এনালিষ্ট, রাজশাহী শিক্ষা বোর্ড, কম্পিউটার কেন্দ্র, রাজশাহী।
৯। জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।
১০। বিদ্যালয় নিবন্ধন শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা, অত্র বোর্ড।
১১। অফিস কপি।

**বিদ্যালয় পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।
ফোন: ০২৫৮৮৮৫৫৭৬৮ (অফিস)

SCHOOL_G/Rizaul-2-_Munjury _03-peg/395